শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরেরর উন্নতি

# জেলা পরিষদ

## ঢাকা।

www.zpdhaka.org

(অস্থায়ী কার্যালয়: সেক্টর নং ৬, আজমপুর, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।)

## খেয়াঘাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা জেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন (সিডিউলভূক্ত) নিম্নবর্ণিত খেয়াঘাট সমূহ ২০২৩-২০২৪ অর্থ বৎসরের (১ জুলাই/২০২৩ হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত) জন্য ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে জেলা পরিষদের নির্ধারিত ফরমে বর্ণিত শর্তে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা হচ্ছে। বিস্তারিত নিয়মাবলী ও শর্তসমূহ অফিসে যোগাযোগের মাধ্যমে জেনে নিতে অনুরোধ করা হচ্ছে।

### খেয়াঘাট বিবরণঃ

| ক্রঃ নং | খেয়াঘাটের নাম | দরপত্র/ সিডিউলের মূল্য | দরপত্র দলিল বিক্রয় ও দাখিলের স্থান |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ০১ | ভাগলপুর-ফোর্ডনগর খেয়াঘাট ফোর্ডনগর বেঙ্গল কার্পেট খেয়াঘাট/পয়েন্ট পর্যন্ত) | ২,০০০/- | (১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।<br>(২)স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।<br>(৩) উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, সাভার/কেরাণীগঞ্জ।<br>(৪) জেলা পরিষদ কার্যালয়, ঢাকা। |
| ০২ | সোনাকান্দা নতুন সোনাকান্দা খেয়াঘাট | ২,০০০/- | ঐ |
| ০৩ | আগলা চৌকিঘাটা বাররা খেয়াঘাট | ১,০০০/- | ঐ |
| ০৪ | খোলামোড়া-কামরাঙ্গীরচর খেয়াঘাট | ৩,০০০/- | ঐ |
| ০৫ | শমলাসী-কলাতিয়াপাড়া খেয়াঘাট | ১,৫০০/- | ঐ |
| ০৬ | ঝাউচর-কামরাঙ্গীচর খেয়াঘাট | ৩,০০০/- | ঐ |
| ০৭ | হোগলাকান্দি-বাহেরচর-ফিরিংগীকান্দি-মুসুরীখোলা, ইটভাড়া-কানারচর খেয়াঘাট | ১,০০০/- | ঐ |
| ০৮ | রাজাবাড়ী খেয়াঘাট | ১,০০০/- | ঐ |
| ০৯ | সাভার-বক্তারপুর খেয়াঘাট (সাভার বাজার হতে ফোর্ডনগর ফকিরবাড়ি খেয়াঘাট হয়ে রুপনগর পয়েন্ট ভাড়া ফোর্ডনগর নতুন কোল্ড স্টোরেজ খেয়াঘাট/পয়েন্ট পর্যন্ত) | ২,০০০/- | ঐ |

| বার | দরপত্র বিক্রয়ের তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ ও শেষ সময় | দরপত্র বক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম বার | ১০.০৫.২০২৩ ইং হতে ২৪.০৫.২০২৩ ইং | ২৫.০৫.২০২৩ ইং (বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত) | ২৫.০৫.২০২৩ ইং (বেলা ২.০০ ঘটিকায়) |
| ২য় বার (প্রযোজ্য ক্ষেত্রে) | ২৮.০৫.২০২৩ ইং হতে ০৭.০৬.২০২৩ ইং | ০৮.০৫.২০২৩ ইং (বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত) | ০৮.০৫.২০২৩ ইং (বেলা ২.০০ ঘটিকায়) |
| ৩য় বার (প্রযোজ্য ক্ষেত্রে) | ১২.০৬.২০২৩ ইং হতে ১৮.০৬.২০২৩ ইং | ১৯.০৬.২০২৩ ইং (বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত) | ১৯.০৬.২০২৩ ইং (বেলা ২.০০ ঘটিকায়) |

০১। ১ম বার আহ্বানে কাঙ্ক্ষিত মূল্যে উদ্ধৃত না হলে ২য় বার এবং ২য় বার আহবানে কাঙ্ক্ষিত মূল্যে উদ্ধৃত না হলে ৩য় বার দরপত্র সিডিউল বিক্রয় ও গ্রহন করা হবে। এক্ষেত্রে আর কোন বিজ্ঞপ্তি প্রচার করা হবে না। খেয়াঘাট ইজারা সংক্রান্ত তথ্য জেলা পরিষদ কার্যালয় হতে জানা যাবে।

০২। বিস্তারিত শর্ত সম্বলিত দরপত্র-দলিল নিম্নস্বাক্ষরকারীর অফিস সহ ৪ নং কলামে বর্ণিত অফিস সমূহ হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত নির্ধারিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে এবং জেলা পরিষদ ঢাকাসহ বর্ণিত অফিস সমূহ নির্ধারিত সময়ে দরপত্র দাখিল করা যাবে।

০৩। দরপত্রের সাথে আগ্রহী ব্যক্তি কর্তৃক উদ্ধৃত মূল্যের সমুদয় ১০০% (শত ভাগ) অর্থ এবং উদ্ধৃত মূল্যের ১৫% ভ্যাট ও ৫% আয়কর আলাদা আলাদা যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা-এর অনুকূলে অবশ্যই দরপত্রের সাথে দাখিল করতে হবে। উদ্ধৃত মূল্যের পে-অর্ডার, ডিডি বিহীন দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে (উল্লেখ্য উদ্ধৃতমূল্য, ভ্যাট, আয়কর পৃথক পৃথক পে-অর্ডার, ডিডি দাখিল করতে হবে)।

০৪। জেলা পরিষদ কর্তৃক অনুমোদিত সর্বোচ্চ দরদাতাকে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে জেলা পরিষদের নিয়মানুযায়ী চুক্তিপত্র সম্পাদন পূর্বক ঘাটের দখল নিতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিলসহ জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

(পাতা-০২)

০৫। দরদাতা কর্তৃক উদ্ধৃত্ত দরপত্র মূল্য, চুক্তিপত্র সম্পাদনের তারিখ থেকে অর্থ বৎসরের জন্য অর্থাৎ ৩০শে জুন/২০২৩ পর্যন্ত সময়ের জন্য বিবেচ্য হবে।

০৬। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রি করা হবে না। দরপত্র দাখিলের সময় খামের উপরে খেয়াঘাটের নাম উল্লেখ করতে হবে।
০৭। এছাড়াও সরকার কর্তৃক বিভিন্ন সময়ে নির্ধারিত কর ইজারাদার কর্তৃক পরিশোধ করতে হবে।
০৮। দরপত্র সংক্রান্ত বিষয়ে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।
০৯। উপরে বর্ণিত শর্তাবলী যা-ই থাকুক না কেন ''জেলা পরিষদ Taxation Rules 1960'' এর বিধানাবলী অগ্রগন্য বলে বিবেচিত হবে।
১০। টেন্ডার বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত বর্ণিত হয়নি কিন্তু সরকারীভাবে অন্যকোন আইন, বিধি, অধ্যাদেশ পরিপত্র ইত্যাদিতে উল্লেখ আছে সে সকল আইন বিধি, আদেশ, বিধান ও শর্তাবলী ইজারাদারগণ মেনে চলতে বাধ্য থাকবেন।
১১। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মেহেদী হাছান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা জেলা পরিষদ।
ফোনঃ ০২-৫৮৯৫৪৫৩২(অফিস)
ই-মেইলঃ www.zpdhaka@gmail.com

স্মারক নং-প্রঃউঃ ২৭/ইজা-৩৩৯/৯৯/অংশ-২/ তারিখঃ ০৭/০৫/২০২৩ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ঢাকা।
৫। পুলিশ সুপার, ঢাকা।

স্মারক নং-প্রঃউঃ ২৭/ইজা-৩৩৯/৯৯/ তারিখঃ ০৭/০৫/২০২৩ খ্রিঃ

অবগতি ও নোটিশ বোর্ডে টানিয়ে প্রচারের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলঃ
১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মানিকগঞ্জ/মুন্সিগঞ্জ/নারায়নগঞ্জ/নরসিংদী।
২। উপজেলা নির্বাহী অফিসার, কেরাণীগঞ্জ/সাভার/ধামরাই/নবাবগঞ্জ/দোহার, ঢাকা।
৩। সার্কেল অফিসার (উঃ), তেজগাঁও সার্কেল, ঢাকা।
৪। উর্দ্ধতন উপ-পরিচালক, বি,আই.ডব্লিউ টি.এ নদীবন্দর, সদরঘাট, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। ইউপি চেয়ারম্যান, (সকল)--------------------------------------ঢাকা।
৭। জনাব-------------------------------------------------------------সাবেক ইজারাদার।
৮। জনাব-------------------------------------------------------------ডাকবাংলো কোয়ারটেকার, জেলা পরিষদ, ঢাকা।

স্মারক নং-প্রঃউঃ ২৭/ইজা-৩৩৯/৯৯/ অংশ-২/ তারিখঃ ০৭/০৫/২০২৩ খ্রিঃ

অনুলিপি কার্যার্থেঃ
০১। ম্যানেজার (বিজ্ঞাপন), দৈনিক যুগান্তর
০২। ম্যানেজার (বিজ্ঞাপন), ঢাকা ট্রিবিউন

উপরোক্ত বিজ্ঞপ্তিটি তাঁর বহুল প্রচারিত পত্রিকায় ভিতরের পাতায় আগামী ২/১ দিনের মধ্যে ০৪ কলামে ১৫" শুধুমাত্র ১(এক) বার প্রকাশ করে পত্রিকায় ০৩টি কপি সহ নিম্নস্বাক্ষরকারী বরাবর বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।

(মেহেদী হাছান)
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা জেলা পরিষদ।
ফোনঃ ০২-৫৮৯৫৪৫৩২(অফিস)
ই-মেইলঃ www.zpdhaka@gmail.com